কানাইঘাট লোভাছড়া কোয়ারী খুলে দেয়ার দাবীতে শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত

কানাইঘাট প্রতিনিধিঃ কানাইঘাট লোভাছড়া পাথর কোয়ারী খুলে দিয়ে শ্রমিকের কর্মসংস্থানের জন্য কোয়ারীতে সরকার কর্তৃক আরোপিত বিধি-নিষেধ প্রত্যাহারের দাবীতে লোভাছড়া লোড-আনলোড শ্রমিক ইউনিয়নের উদ্যোগে শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়ছে।

শনিবার বিকেল ৪টায় উপজেলার লক্ষীপ্রসাদ পশ্চিম ইউনিয়নের কোয়ারী সংলগ্ন মুলাগুল নয়াবাজারে উক্ত শ্রমিক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তারা তাদের বক্তব্যে বলেন, বিগত সরকার ভারত থেকে পাথর আমদানি করে অর্থনৈতিক সুবিধা দেয়ার স্বার্থে কানাইঘাট লোভাছড়া পাথর কোয়ারী সহ সিলেটের প্রতিটি পাথর কোয়ারী দীর্ঘদিন থেকে বন্ধ করে দেয়। সিলেটের এসব পাথর কোয়ারী বন্ধ থাকার কারনে অত্র অঞ্চলের শ্রমিকরা অর্থনৈতিক ভাবে মানবেতর জীবন যাপন করছেন। অনতি বিলম্বে লোভাছড়া পাথর কোয়ারী থেকে সনাতন পদ্ধতিতে পাথর উত্তোলন করার সুযোগ করে দিতে বর্তমানের সরকারের প্রতি আহ্বান জানান। এছাড়া সভায় বক্তব্যে কয়েকজন বলেন, লোভাছড়া পাথর কোয়ারী এলাকায় থানা পুলিশের নামে কতিপয় লোকজন চাদাবাজি করছে, তা বন্ধ করার জন্য দাবী জানান।
লোভাছড়া লোড-আনলোড শ্রমিক ইউনিয়নের সভাপতি আখতার হোসেইন এর সভাপতিত্বে ও সদস্য হাঃ আহমদ হোসাইন এর সঞ্চালনায় শ্রমিক সমাবেশে বক্তব্য রাখেন, বাংলাদেশ জামায়াতে ইসলামী লক্ষীপ্রসাদ পূর্ব ইউপির আমীর মাও. লুৎফুর রহমান, মুলাগুল হারিছ চৌধুরী একাডেমীর সিনিয়র শিক্ষক মাও. আজিজুল ইসলাম, মুলাগুল পাথর ব্যবসায়ী সমিতির সহ সভাপতি হাজি কামাল উদ্দিন, লোভাছড়া আদর্শ পাথর ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক মোঃ ফখরুল ইসলাম, সদস্য ফয়েজ উল্লাহ চৌধুরী, শ্রমিক ইউনিয়নের সাংগঠনিক সম্পাদক রোমান আহমদ, জমিয়তে উলামায়ে ইসলামের লক্ষীপ্রসাদ পূর্ব ইউপির আহ্বায়ক মাও. আব্দুস শুকুর সাদিক, ইউপি সদস্য ফখর উদ্দিন ছৌধুরী, ব্যবসায়ী শাহাব উদ্দিন চৌধুরী শাহার, নয়াবাজার মসজিদের মুতওয়াল্লী নুর উদ্দিন, সংগঠনের কোষাধ্যক্ষ শহীদুল্লাহ কাওছার চৌধুরী, সিনিয়র সহ সভাপতি কাওছার আহমদ, ব্যবসায়ী খাইরুল ইসলাম, মীম সালমান।

এছাড়াও লোভাছড়া লোড-আনলোড শ্রমিক ইউনিয়নের নেতৃবৃন্দ সহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ সমাবেশে উপস্থিত ছিলেন।